**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**15 OCTOBER 2025** **7:35 AM IST**

==========================================================================

আসাম সরকারের প্রত্যক্ষ নিযুক্তি পরীক্ষার চতুর্থ শ্রেণীর পদগুলির ফলাফল আজ ঘোষণা করা হবে । মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা জানিয়েছেন যে- আজ সকাল সাড়েদশটায় সংশ্লিষ্ট ওয়েবসাইটে প্রার্থীরা ফলাফল দেখতে পারবেন । মুখ্যমন্ত্রী একইসঙ্গে আজ থেকে আগামী শুক্রবারের মধ্যে স্নাতকোত্তর শিক্ষক পদগুলির ফলাফল ঘোষণা করা হবে জানিয়েছেন । এমাসের মধ্যে ৩৫ হাজার যুবক-যুবতী সরকারী চাকরি লাভ করবেন বলে মূখ্যমন্ত্রী জানিয়েছেন ।

---

হাইলাকান্দি জেলার দ্বিতীয় বিধানসভা ভিত্তিক মেগা স্বাস্থ্য মেলা আজ আলগাপুরের বড়নগদ গার্লস হাইস্কুল প্রাংগনে অনুষ্ঠিত হবে । জেলা প্রশাসনের উদ্যোগে আয়োজিত এই স্বাস্থ্য মেলার মূল উদ্দেশ্য হলো জেলার শূন্য থেকে ১৮ বছর বয়সী শিশুদের নানা শারীরিক সমস্যার শনাক্তকরণ , ও চিকিৎসা সেবা প্রদান করা । এতে লিভার , কিডনি , জন্মগত স্নায়বিক সমস্যা সহ মোট ৫৯ ধরণের রোগ চিহ্নিত করে

চিকিৎসা সেবা প্রদান করা হবে । উল্লেখ্য প্রথম পর্যায়ে বিভিন্ন বিধানসভাভিত্তিক স্ক্রিনিং শিবির , দ্বিতীয় পর্যায়ে নভেম্বর মাসে মেডিকেল কলেজে রোগ নিশ্চিতকরণ এবং তৃতীয় পর্যায়ে ডিসেম্বর মাসে উপযূক্ত চিকিৎসা রাজ্য বা প্রয়োজনে রাজ্যের বাইরে যেকোনো অনুমোদিত হাসপাতালে করা হবে বলে জানানো হয়েছে ।

---

কাছাড় জেলার উধারবন্দ জগন্নাথ সিং কলেজে গতকাল মেগা স্বাস্থ্য শিবিরের আয়োজন করা হয় । শিবিরে ৩ হাজার ৬১৯ জনের স্বাস্থ্য পরীক্ষা করা হয়েছে । উধারবন্দের বিধায়ক মিহির কান্তি সোম স্বাস্থ্য শিবিরের উদ্বোধন করে জানান যে কাছাড় জেলায় গত ১৭ ই সেপ্টেম্বর প্রথম মেগা স্বাস্থ্য শিবির ধলাই এ অনুষ্ঠিত হয়েছিল । এরপর শিলচর ও লক্ষ্মীপুরে আয়োজনের পর উধারবন্দে এই শিবিরের আয়িজন করা হয় । শিবিরে ৩৯৫ জন রোগীকে উন্নত চিকিৎসার জন্য শিলচর মেডিকেল কলেজ ও হাসপাতাল সহ অন্যান্য কেন্দ্রে পাঠানো হয়েছে ।

---

কাছাড়ের জেলা আয়ুক্ত মৃদুল যাদব শিলচর- জিরিবাম চার লেন প্রকল্পের অধীন এলাকায় জমি ব্যবহারের ক্ষেত্রে কিছু নির্দেশ জারি করেছেন । নির্দেশ অনুযায়ী জমি অধিগ্রহনের প্রক্রিয়া দিগলিগাও এবং খারজনপুঞ্জিগ্রাম পর্যন্ত বিস্তৃত থাকবে । নির্দেশে স্পষ্ট করে বলা হয়েছে যে প্রস্তাবিত ৪ লেন সড়কের নির্ধারিত এলাকার মধ্যে কোনো ধরনের নতুন নির্মান ,কৃষিকাজ বা উন্নয়নমূলক কার্যক্রম গ্রহণের

পূর্বে জেলা আয়ুক্তের কার্যালয় থেকে আগে অনুমতি নিতে হবে । এছাড়া নির্দেশে আরো বলা হয়েছে যে প্রস্তাবিত সড়কের অধিকারভূক্ত এলাকায় যেকোনো অনুমোদিত বিহীন নির্মান কাজ বা কৃষি কাজ করা হলে তা জমি গ্রহণ বা প্রকল্প বাস্তবায়নের সময় কোনো ক্ষতিপূরণের জন্য যোগ্য বলে গন্য হবে না । এই নির্দেশ ব্যাক্তিগত ও ব্যনিজ্যিক উভয় ধরনের নির্মাণের ক্ষেত্রেই প্রযোজ্য হবে ।

---

গৌহাটী হাইকোর্টের নির্দেশে হাইলাকান্দি জেলা প্রশাসন গতকাল আলগাপুর বাজারে উচ্ছেদ অভিযান চালিয়েছে । উচ্ছেদ অভিযানে ১৬টি অবৈধভাবে দখলে থাকা ব্যবসায়িক প্রতিষ্ঠান ভেঙ্গে ফেলা হয় । ম্যাজিষ্ট্রেটের উপস্থিতিতে পুলিশ ও স্থানীয় লোকেদের সমর্থনে এই উচ্ছেদ অভিযান চালানো হয়েছে । উল্লেখ্য- সরকারী নির্দেশকে অমান্য করে দীর্ঘ দিন থেকে অবৈধভাবে জমি দখল করে ব্যবসায়িক প্রতিষ্ঠান নির্মাণ করা হয়েছিল ।

---

কাছাড়ের জেলা ম্যাজিষ্ট্রেট মৃদুল যাদব ভারত-বাংলাদেশ আর্ন্তজাতিক সীমান্ত এলাকায় উগ্রপন্থী কার্যকলাপ প্রতিরোধে, অবৈধ পণ্য ও গবাদি পশুর চলাচলের আংশকাকে কেন্দ্র করে ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতা-এর ধারা ১৬৩ অনুযায়ী কিছু নির্দেশনা জারী করেছেন । নির্দেশনায় বলা হয়েছে যে সূর্যাস্ত থেকে সূর্যোদয় পর্যন্ত ভারত-বাংলাদেশ আর্ন্তজাতিক সীমান্ত এলাকার এক কিলোমিটার ব্যাসার্ধের মধ্যে কোন ব্যাক্তি চলাচল করতে পারবে না । এছাড়া সুরমা নদীতে মাছ ধরতে হলে কাটিগড়া চক্র আধিকারিকের কাছ থেকে আগাম অনুমতি নিতে হবে । নির্দেশনায় আরো

বলা হয়েছে যে সূর্যাস্ত থেকে সূর্যোদয় পর্যন্ত সীমান্তবর্তী পাঁচ কিলোমিটার এলাকার মধ্যে চাল, চিনি , গম , ভোজ্য তেল , কেরোসিন ও লবণ সহ কোন প্রকার খাদ্য ও জ্বালানী সামগ্রী গাড়ি, ঠেলা ও রিক্সা দ্বারা পরিবহন করা সম্পূর্ণ নিষিদ্ধ করা হয়েছে । তবে কেন্দ্র ও রাজ্য সরকারের কর্মচারীদের ক্ষেত্রে এই নির্দেশ প্রযোজ্য হবে না । এই নির্দেশনা আগামী দু মাস বলবৎ থাকবে বলে জানানো হয়েছে ।

---

শ্রীভূমি জেলার খাদ্য ,গণবন্টন ও গ্রাহক পরিক্রমা বিভাগের পক্ষ থেকে জেলার সব পেট্রল পাম্প ও কেরোসিন তেলের ডিপোগুলিকে যান বাহন ছাড়া প্লাষ্টিকের বোতল ও অন্য কোন পাত্রে পেট্রল, ডিজেল ও কেরোসিন বিক্রি না করতে নির্দেশ দিয়েছে । জেলার অতিরিক্ত আয়ুক্ত এক বিজ্ঞপ্তীতে বলেছেন যে প্লাষ্টিকেরএ বোতল ও অন্য পাত্রে কেরোসন, ডিজেল ও পেট্রল বহন করলে অগ্নি সংযোগ ও বিস্ফোরনের সম্ভাবনা বেশী থাকে ।

---

লায়ন্স ক্লাব অফ শিলচর সেন্ট্রালের উদ্যোগে এবং লায়ন্স ক্লাব অফ শিলচর গ্রেটারের ব্যবস্থাপনায় আগামীকাল বড়যাত্রাপুরের ডি কে এস পি স্কুল প্রাঙ্গণে বিনামূল্যে চক্ষু পরীক্ষা শিবির অনুষ্ঠিত হবে । শিবির সকাল ১০টায় শুরু হবে । এতে সংলগ্ন এলাকার চক্ষুরোগীদের উপস্থিত থাকতে বলা হয়েছে ।

---